

# Official Spokesperson's response to media queries regarding the resolution passed by Pakistan National Assembly regarding 'Delimitation in the UT of J&K'

May 17, 2022

'केन्द्र शासित अञ्चल जम्मू ও काश्मीरे डिलिमिटेसन'-এর পরিপ্রেক্ষিতে পাকিস্তানের জাতীয় পরিষদে গৃহীত প্রস্তাব সম্পর্কে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

মে 17, 2022

'केन्द्र शासित अञ्चल जम्मू ও काश्मीरे डिलिमिटेसन'-এর পরিপ্রেক্ষিতে পাকিস্তানের জাতীয় পরিষদে গৃহীত প্রস্তাব সম্পর্কে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্র শ্রী অরিন্দম বাগচী বলেন:

" ভারতীয় ভূখন্ডের জম্মু ও কাশ্মীরে ডিলিমিটেশন অনুশীলনের বিষয়ে পাকিস্তানের জাতীয় পরিষদে গৃহীত হাস্যকর প্রস্তাবকে আমরা সুনির্দিষ্টভাবে প্রত্যাখ্যান করছি।

পাকিস্তানের দ্বারা বেআইনি এবং বলপূর্বক অধিকৃত ভারতীয় ভূখন্ড সহ ভারতের অভ্যন্তরীণ বিষয়ে নাকগলানো বা কোনো কথা বলার পাকিস্তানের অধিকার নেই।

সম্পূর্ণ কেন্দ্র শাসিত জম্মু ও কাশ্মীর এবং লাদাখ সবসময় ভারতের অবিচ্ছেদ্য অংশ ছিল, আছে এবং থাকবেও।

এটি পরিতাপের বিষয় যে নিজেদের ঘর সামলানোর পরিবর্তে, পাকিস্তানি নেতৃত্ব ভারতের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করে চলেছে এবং ভারতের বিরুদ্ধে ভিত্তিহীন ও উস্কানি মূলক প্রচার চালিয়ে যাচ্ছে।

আমরা পুনরায় উল্লেখ করছি যে, পাকিস্তানকে অবিলম্বে ভারত-বিরোধী আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদ বন্ধ করতে হবে এবং সন্ত্রাসের পরিকাঠামো বন্ধ করতে হবে; পাকিস্তান অধিকৃত জম্মু, কাশ্মীর ও লাদাখ(পিওজেকেএল)-এ ধারাবাহিক মানবাধিকার লঙ্ঘনকে বন্ধ করতে হবে ; পিওজেকেএল-এর অবস্থানগত যেকোনো ভৌত পরিবর্তনে প্রভাব ফেলতে পারে এমন কাজ থেকে বিরত থাকতে হবে এবং বেআইনি ও বলপূর্বক অধিকৃত ভারতীয় ভূখন্ডকে খালি করে দিতে হবে।"

**নিউ দিল্লি**

**মে 17, 2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

